গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চেয়ারম্যানের কার্যালয়

# ৬নং ভজনপুর ইউনিয়ন পরিষদ

উপজেলাঃ তেঁতুলিয়া, জেলাঃ পঞ্চগড়।

স্মারক নং ঃ

তারিখ ঃ ১০/১১/২০২২ ইং।

## মাসিক সভার কার্যবিবরনী ঃ

স্থান: ইউ'পি হল রুম,
সময়: সকাল ১০ ঘটিকা,
তারিখ ঃ ১০/১১/২০২২ ইং।

উপস্থিত সদস্য ও সদস্যাগনের নাম:

| ক্রমিক নং | উপস্থিত সদস্য গনের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মো: মসলিম উদ্দীন | ইউপি চেয়ারম্যান | স্বাক্ষরিত |
| ২ | মোছা: হালিমা খাতুন | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | মোছা: মুক্তা বেগম | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছা: লিপি আকতার | ইউ'পি সদস্যা | স্বাক্ষরিত |
| ৫ | মো: আবির আলী | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | মো: ইউছুব আলী | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৭ | মো: সামসুল হক সরকার | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৮ | মো: কাজিম উদ্দীন | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৯ | মো: মোকবুল হোসেন | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | মো: তবিবর রহমান | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১১ | মো: রিয়াজ উর রহমান | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১২ | মো: জাহের আলী | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১৩ | মো: জমির উদ্দীন | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১৪ | মোছা. রাশেদা খাতুন | হিসাব সহকারী ও কম্পিউটার অপারেটর | স্বাক্ষরিত |
| ১৫ | আশুতোষ সরকার | সদস্য সচিব | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় :**

১। গত সভার বিষয়বস্তু পাঠ ও অনুমোদন করণ।

২। অক্টোবর /২০২২ মাসের আয়ও ব্যয়বিবরনী উথ্যাপন ও অনুমোদন।

৩। আইন শৃংখলা বিষয়ক আলোচনা

৪। বিবিধ।

অদ্যকার সভায় জনাব মোঃ মসলিম উদ্দীন চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে সভার কার্য আরম্ভ করা হইল। সভা শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান।

১নং আলোচ্য সূচীতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে গত সভার আলোচ্য সূচীসমুহ পাঠ করিয়া শুনান, সভাপতি কর্তৃক পাঠকৃত আলোচ্য সূচীর সীদ্ধান্ত সমুহ সম্পর্কে কাহোরো আপত্তি না থাকায় অদ্যকার সভায় তাহা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হইল।

২ নং আলোচ্য সূচীতে সভাপতি মহোদয় সদস্যগনের দৃষ্টি আর্কসন পূর্বক ইউপি সচিব সাহেবকে অক্টোবর - ২০২২ মাসের আয় ও ব্যয় সমুহ সভায় উথ্যাপন করিতে বলিলে সচিব সাহেব সভাপতি মহোদয়ের অনুমোতিক্রমে অক্টোবর/২০২২ মাসের আয় ও ব্যয় সমুহের খাত ওয়ারী বিবরনী উথ্যাপন করেন। উল্লেখিত আয় ও ব্যয় সমুহ পরীক্ষান্তে দেখা য়ায় যে, গত মাসের জের আয়সহ বিভিন্নখাতে আয় করা হয়েছে ২,৫৫,৭৮২/ (দুই লক্ষ পঞ্চান্ন হাজার সাতশত বিরাশি) টাকা এবং বিভিন্ন ভাউচার মুলে ব্যয় করা হয়েছে- ১,৩৯,২২৮/-(এক লক্ষ উনচল্লিশ হাজার দুইশত আঠাশ) টাকা মাত্র। উদ্বৃত্ত ১,১৬,৫৫৪/-( একলক্ষ ষোল হাজার পাচশত চুয়ান্ন) টাকা রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক শাখার ১০৩৭৬৬ সাধারন তহবিল হিসাবে জমা রয়েছে। সকল জমা বহি, ব্যাংক হিসাব বিবরনী, সহ ক্যাশব হি, ক্যাশবহি পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল মর্মে অদ্যকার সভায় অক্টোবর-২০২২ মাসের আয় ও ব্যয় বিবরনী সর্ব সম্মতি ক্রমে গ্রহীত ও অনুমোদিত হইল।

৩ নং আলোচ্য সূচীতে সভাপতি মহোদয় সকল সদস্য গনের দৃষ্টি আকর্ষন পূর্বক অত্র ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি সম্পর্কে সভাষদ গনকে আলোচনার জন্য আহব্বান জানান। সভাপতি মহোদয়ের উক্ত প্রস্তাবের আলোকে সভাষদগন একে একে তাদের নিজ নিজ এলাকার আইনশৃংখলা পরিস্থিতি স্বাবাভিক রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। অতপর সভায় বাল্যু বিবাহ, ইভ টিচিং, সন্ত্রাশ ও নাসকতা বিষয়ে ব্যপকভাবে আলোচনা করা হয় আলোচনান্তে আইন শৃংখলা পরিস্থিতি সহ সার্বিক বিষয়ে স্বজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত সর্ব সম্মতি ক্রমে গ্রহীত ও অনুমোদিত হইল।

অতপর সভায় আর কোন আলোচন না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষনা করেন ।

মোঃ মসলিম উদ্দীন
চেয়ারম্যান
৬নং ভজনপুর ইউনিয়ন পরিষদ
তেঁতুলিয়া, পঞ্চগড়